গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৯ - জুন ৩০, ২০২০

# সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৮

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৯

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২৩

# মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

২০১৬-১৭ অর্থবছরে ১,৯০,২৬৯ কোটি, ২০১৭-১৮ অর্থবছরে ২,০৬,৪০৭.২৫ কোটি এবং ২০১৮-১৯ অর্থবছরে ১,৫৩,৪১৯.৮৯ (মার্চ/১৯ পর্যন্ত) কোটি টাকা রাজস্ব আহরণ করা হয়েছে। জাতীয় সঞ্চয় স্কিমসমূহ হতে ২০১৬-১৭ অর্থবছরে ৫২,৪১৭ কোটি, ২০১৭-১৮ অর্থবছরে ৪৪,০০০ কোটি এবং ২০১৮-১৯ অর্থবছরে ৩৫,৬০০ (মার্চ/১৯ পর্যন্ত) কোটি টাকা সঞ্চয় আহরণপূর্বক ঘাটতি বাজেটে অর্থায়ন করা হয়েছে। ঢাকা মহানগরীর সকল সঞ্চয় অফিসে সঞ্চয়পত্র ক্রয়/বিক্রয় কার্যক্রম অটোমেশন সিস্টেমের আওতায় আনা হয়েছে। সারাদেশে ভ্যাট কমিশনারেটসমূহের কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে প্রক্রিয়াকরণ এবং সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণের জন্য অনলাইন ভ্যাট রেজিস্ট্রেশন কার্যক্রম চালু করা হয়েছে। ই-টিআইএন রেজিস্ট্রেশন শতভাগ বাস্তবায়ন এবং ই-পেমেন্ট পদ্ধতি চালু করা হয়েছে। দ্রুত শুল্কায়নের নিমিত্ত বন্দরসমূহে ASYCUDA World সফটওয়্যার সিস্টেম চালু করা হয়েছে। এলসি জালিয়াতি রোধ এবং আমদানীকৃত পণ্যের যথাযথ মূল্যায়নে সহায়তার লক্ষ্যে কাস্টম হাউস, ঢাকা ও কাস্টম হাউস, পানগাঁও এ ASYCUDA World সফটওয়্যার এর সাথে বাংলাদেশ ব্যাংকের এলসি মডিউলের সংযোগ স্থাপিত হয়েছে। শুল্ক সংশ্লিষ্ট কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ইতোমধ্যে ০৮টি কাস্টম হাউস/স্থল শুল্ক স্টেশনে ২০টি মোবাইল কন্টেইনার স্ক্যানার/Vehicle Mounted Mob X-ray Scanner/লাগেজ স্ক্যানার/হিউম্যান বডি স্ক্যানার স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ বিভাগের আওতাধীন ক্যাডার ও নন-ক্যাডার কর্মকর্তাদের এসিআর সংক্রান্ত অনলাইন সেবা কার্যক্রম চালুপূর্বক প্রতিবেদন প্রস্তুত পদ্ধতি অটোমেশন সিস্টেমের আওতায় আনা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

কর আহরণের পরিসর বৃদ্ধিসহ কর আহরণের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মাঠ পর্যায়ে অফিসের অপ্রতুলতা এবং বিসিএস (শুল্ক ও আবগারী) ও বিসিএস (কর) এর মত গুরুত্বপূর্ণ ২টি ক্যাডারের প্রশাসনিক মন্ত্রণালয় হিসেবে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের জনবল, ভৌত অবকাঠামোসহ প্রয়োজনীয় সুবিধাদির অভাব রয়েছে। দক্ষ জনবল গঠন, কর ব্যবস্থাপনা সম্পূর্ণ অটোমেশনের আওতায় আনয়ন অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

আয়কর, ভ্যাট ও সম্পূরক শুল্কের ক্ষেত্রে প্রয়োজনীয় সংস্কার আনয়নের লক্ষ্যে রাজস্ব ব্যবস্থাপনা অটোমেশন এবং পর্যাপ্ত অভ্যন্তরীণ রাজস্ব আহরণ কার্যক্রম শক্তিশালীকরণ; রাজস্ব আয় বাড়ানোসহ করের পরিধি সম্প্রসারণের লক্ষ্যে উপজেলা পর্যায়ে আয়কর, ভ্যাট ও সঞ্চয় অফিস স্থাপন; জেলা ও বিভাগীয় পর্যায়ে আয়কর, ভ্যাট এবং সঞ্চয় অফিসসমূহকে একই কমপ্লেক্সে আনয়ন ও আধুনিকায়ন; আমদানী, রপ্তানী ও ট্রানজিটের ক্ষেত্রে One Stop Service প্রদানের জন্য সকল সরকারি, আধা-সরকারি এবং বেসরকারি সংস্থাকে একটি Virtual Electronic Platform-এ আনয়নের লক্ষ্যে National Single Window (NSW) বাস্তবায়ন; Authorized Economic Operator (AEO) পদ্ধতি কার্যকরভাবে সচল রাখা; The Customs Act, Income Tax Act ও জাতীয় সঞ্চয় অধিদপ্তরের নিয়োগবিধি প্রণয়ন এবং বিদ্যমান আইন/বিধি/নীতিমালা বাংলায় ভাষান্তর; অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সক্ষমতা বৃদ্ধি।

**২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ২০১৯-২০ অর্থবছরের রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রার ৮৫% অর্জন;
- আয়কর রিটার্ন দাখিলের হার ২৩% এ উন্নীতকরণ;
- ১২ টি ভ্যাট কমিশনারেটে অনলাইন ভ্যাট রেজিস্ট্রেশন ও রিটার্ন দাখিল কার্যক্রম চালুকরণ;
- ৩০/০৪/২০২০ তারিখের মধ্যে জাতীয় সঞ্চয় স্কীমের লেনদেন কার্যক্রম ডিজিটালকরণ;
- উপজেলা পর্যায়ে আয়কর, ভ্যাট ও সঞ্চয় অফিস স্থাপন তথা রাজস্ব ব্যবস্থাপনা সম্প্রসারণ;
- The Customs Act, Income Tax Act এর খসড়া চূড়ান্তকরণ এবং জাতীয় সঞ্চয় অধিদপ্তরের নিয়োগবিধি প্রণয়ন।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৯ সালের জুলাই মাসের ১৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

অভ্যন্তরীণ সম্পদে গড়বো উন্নত বাংলাদেশ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

আন্তর্জাতিকভাবে স্বীকৃত করনীতি ও জাতীয় সঞ্চয়নীতি অনুসরণে ন্যায়ভিত্তিক, আধুনিক প্রযুক্তিনির্ভর, অংশগ্রহণমূলক, জনবান্ধব রাজস্ব ব্যবস্থাপনা প্রতিষ্ঠাকরণের মাধ্যমে পর্যাপ্ত অভ্যন্তরীণ সম্পদ আহরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. রাজস্ব আহরণ কার্যক্রম শক্তিশালীকরণ
২. অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ডের সক্ষমতা বৃদ্ধি
৩. রাজস্ব ও সঞ্চয় প্রশাসনের সংস্কার, আধুনিকায়ন ও জনবান্ধবকরণ
৪. রাজস্ব ব্যবস্থাপনা অটোমেশন
৫. জাতীয় সঞ্চয় স্কিমের মাধ্যমে সঞ্চয় আহরণ
৬. আইন প্রণয়ন ও বিধি-বিধান হালনাগাদকরণ

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
২. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. অভ্যন্তরীণ সম্পদ আহরণ;
২. বিসিএস (শুল্ক ও আবগারী) এবং বিসিএস (কর) ক্যাডার কর্মকর্তাদের যাবতীয় প্রশাসনিক কার্যাবলি;
৩. প্রত্যক্ষ ও পরোক্ষ কর আরোপ, আহরণ এবং এতসংক্রান্ত আইন, বিধি-বিধান প্রণয়ন-হালনাগাদকরণ;
৪. আয়কর, ভ্যাট ও আবগারী কর এবং আমদানি ও রপ্তানী শুল্ক আহরণে নিয়োজিত দপ্তরসমূহের কার্যক্রম পরিবীক্ষণ ও নিয়ন্ত্রণ;
৫. শুল্ক, ভ্যাট, আয়কর, স্ট্যাম্প ও সঞ্চয় সংক্রান্ত আইন, নীতি ও বিধি-বিধান প্রণয়ন-হালনাগাদকরণ;
৬. ভ্যাট, শুল্ক ও আয়কর সংক্রান্ত মামলাসমূহ নিষ্পত্তির মাধ্যমে বিরোধপূর্ণ রাজস্ব আদায়;
৭. বিকল্প বিরোধ নিষ্পত্তি (এডিআর) এর মাধ্যমে রাজস্ব আদায় কার্যক্রম জোরদার করা;
৮. সমন্বিত সীমান্ত ব্যবস্থাপনা কার্যকর করা;
৯. সকল প্রকার স্ট্যাম্প মুদ্রণ, সরবরাহ এবং লটারি নীতিমালা অনুযায়ী লটারি অনুমোদন সংক্রান্ত কার্যাবলি সম্পাদন।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা ২০১৯-২০ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২০-২১ | ২০২১-২০২২ | | |
| রাজস্ব আহরণ বৃদ্ধি | কর জিডিপি'র অনুপাত বৃদ্ধি | শতকরা হার | ৮.৫ | ১৩.১০ | ১৪.১০ | ১৪.১০ | ১৫.১০ | হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, বাংলাদেশ ব্যাংক | জাতীয় রাজস্ব বোর্ড |
| সঞ্চয় আহরণ বৃদ্ধি | জাতীয় সঞ্চয় স্কিমের মাধ্যমে ঘাটতি বাজেটে অর্থায়ন | কোটি টাকা | ৪৫,৩০০ | ৪৫,০০০ | ৩০,০০০ | ৩৩,০০০ | ৩৬,৩০০ | অর্থ বিভাগ, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ডাক অধিদপ্তর, বাংলাদেশ ব্যাংক, তপসিলি ব্যাংক | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [১] রাজস্ব আহরণ কার্যক্রম শক্তিশালীকরণ | ৪৭ | [১.১] রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা অর্জন | [১.১.১] আহরিত রাজস্ব (কর) | সমষ্টি | শতকরা হার | ১০ | ৮২ | ৫২ | ৮৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ১০০ | ১০০ |
| | | | [১.১.২] আহরিত অন্যান্য কর (নন-জুডিশিয়াল স্ট্যাম্প বিক্রয়) | সমষ্টি | শতকরা হার | ২ | | | ৯০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [১.২] প্রদর্শিত রাজস্ব আদায়ের সাথে ট্রেজারী হিসাবের সমন্বয় সাধন | [১.২.১] অর্ধ-বার্ষিক সমন্বয় সাধন | তারিখ | তারিখ | ১ | | | ৩০.০৪.২০ | ১৫.০৫.২০ | ৩০.০৫.২০ | ১৫.০৬.২০ | ৩০.০৬.২০ | | |
| | | | [১.২.২] বার্ষিক সমন্বয় সাধন | তারিখ | তারিখ | ১ | | | ৩০.১০.১৯ | ১৫.১১.১৯ | ৩০.১১.১৯ | ১৫.১২.১৯ | ৩০.১২.১৯ | | |
| | | [১.৩] মাঠ অফিসসমূহ পরিদর্শন | [১.৩.১] আয়কর অফিস পরিদর্শন প্রতিবেদন দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৩০ | ২৫ | ২২ | ২০ | | ৩৫ | ৪০ |
| | | | [১.৩.২] শুল্ক অফিস পরিদর্শন প্রতিবেদন দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৩০ | ২৫ | ২২ | ২০ | | ৩৫ | ৪০ |
| | | | [১.৩.৩] ভ্যাট অফিস পরিদর্শন প্রতিবেদন দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৩০ | ২৫ | ২২ | ২০ | | ৩৫ | ৪০ |
| | | | [১.৩.৪] সঞ্চয় অফিস পরিদর্শন প্রতিবেদন দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৩০ | ২৫ | ২২ | ২০ | | ৩৫ | ৪০ |
| | | [১.৪] মাঠ অফিস পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | [১.৪.১] মাঠ অফিস পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়িত | সমষ্টি | শতকরা হার | ৬ | | | ৭৫ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| | | [১.৫] দপ্তর/সংস্থার পরিদর্শন প্রতিবেদন মূল্যায়নান্তে ফলাবর্তক প্রদান | [১.৫.১] আয়কর অফিস পরিদর্শন প্রতিবেদন মূল্যায়নান্তে ফলাবর্তক প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৭৫ | ৬৫ | ৫০ | ৪৫ | | ৮০ | ৮৫ |
| | | | [১.৫.২] শুল্ক অফিস পরিদর্শন প্রতিবেদন মূল্যায়নান্তে ফলাবর্তক প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৭৫ | ৬৫ | ৫০ | ৪৫ | | ৮০ | ৮৫ |
| | | | [১.৫.৩] ভ্যাট অফিস পরিদর্শন প্রতিবেদন মূল্যায়নান্তে ফলাবর্তক প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৭৫ | ৬৫ | ৫০ | ৪৫ | | ৮০ | ৮৫ |
| | | | [১.৫.৪] সঞ্চয় অফিস পরিদর্শন প্রতিবেদন মূল্যায়নান্তে ফলাবর্তক প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৫০ | ৪০ | ৩০ | ২০ | ১০ | ৫৫ | ৬০ |
| | | [১.৬] করদাতার সংখ্যা বৃদ্ধিকরণ | [১.৬.১] রিটার্ন দাখিলের হার | সমষ্টি | শতকরা হার | ৪ | ২০ | ২২ | ২৩ | ২২.৭৫ | ২২.৫০ | ২২.০০ | ২০.০০ | ২৪ | ২৫ |
| | | [১.৭] বিরোধ নিষ্পত্তির মাধ্যমে রাজস্ব আহরণ | [১.৭.১] বিকল্প বিরোধ নিষ্পত্তি | সমষ্টি | সংখ্যা | ২ | ২২০ | ২৩৫ | ২৩৮ | ২৩৭ | ২৩৬ | ২৩৫ | ২৩০ | ২৪০ | ২৪২ |
| | | | [১.৭.২] আপীল মামলা নিষ্পত্তি | গড় | শতকরা হার | ২ | | | ৭০ | ৬০ | ৫০ | ৪০ | ৩০ | ৭২ | ৭৪ |
| | | [১.৮] করদাতাদের প্রণোদনা | [১.৮.১] এইও সচল রাখা | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ৪ | ৩ | ২ | | | ৫ | ৬ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [২] অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ডের সক্ষমতা বৃদ্ধি | ৮ | [২.১] অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সাংগঠনিক কাঠামো সম্প্রসারণ | [২.১.১] পদ সৃজন | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৩৪ | ২০ | ১৫ | ১০ | ৫ | | |
| | | [২.২] জাতীয় রাজস্ব বোর্ডের সাংগঠনিক কাঠামো সম্প্রসারণ | [২.২.১] পদ সৃজন | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২০ | ১০ | | |
| | | [২.৩] ভৌত সুবিধা বৃদ্ধিকরণ | [২.৩.১] প্রাধিকার অনুযায়ী স্থান ও অন্যান্য সুবিধা প্রদানকৃত | সমষ্টি | শতকার হার | ১ | | | ১০০ | ৬০ | ৫০ | ৪০ | ৩০ | | |
| | | [২.৪] আধুনিক সম্মেলন কক্ষ/কম্পিউটার ল্যাব স্থাপন | [২.৪.১] ল্যাব স্থাপিত | তারিখ | তারিখ | ২ | | | ০১.১১.১৯ | ৩০.১১.১৯ | ১৫.১২.১৯ | ৩০.১২.১৯ | | | |
| | | [২.৫] দেশে/বিদেশে দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ | [২.৫.১] অংশগ্রহণকৃত প্রশিক্ষণার্থী | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩০ | ২৫ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] রাজস্ব ও সঞ্চয় প্রশাসনের সংস্কার, আধুনিকায়ন ও জনবান্ধবকরণ | ৭ | [৩.১] বঙ্গবন্ধু সঞ্চয় অ্যাপস চালুকরণ | [৩.১.১] প্লে স্টোর/অ্যাপল স্টোরে স্থাপিত | তারিখ | তারিখ | ৩ | | | ১৭.০৩.২০ | ৩০.০৪.২০ | ৩১.০৫.২০ | ৩০.০৬.২০ | | | |
| | | [৩.২] সেবা গ্রহীতাদের সাথে প্রচলিত আইনে তাদের অধিকার ও দায়িত্ব সম্পর্কে সম্যক ধারণা দেওয়ার নিমিত্ত নিয়মিত মিথস্ক্রিয়া/ যোগাযোগ স্থাপন | [৩.২.১] অনুষ্ঠিত সভা/ যোগাযোগ | সমষ্টি | সংখ্যা | ১ | ১১৩০ | ১২০০ | ১২১৫ | ১২১০ | ১২০৫ | ১২২০ | ১১৯৫ | ১২২০ | ১২২৫ |
| | | [৩.৩] সেবা কেন্দ্রের মাধ্যমে করদাতা সেবা বৃদ্ধিকরণ | [৩.৩.১] সেবা গ্রহণকারীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ১ | ২৭.২৩ | ৪০.০০ | ৪৩.০০ | ৪২.০০ | ৪১.০০ | ৪০.০০ | ৩৯.০০ | ৪৪.০০ | ৪৫.০০ |
| | | [৩.৪] জাতীয় সঞ্চয় অধিদপ্তরের আধুনিকায়ন ও সম্প্রসারণ | [৩.৪.১] জাতীয় সঞ্চয় অধিদপ্তর সম্প্রসারণের জন্য জনপ্রশাসন ও অর্থ বিভাগের সম্মতি গ্রহণ | তারিখ | তারিখ | ১ | | | ৩০.০৫.২০ | ১০.০৬.২০ | ২০.০৬.২০ | ৩০.০৬.২০ | | | |
| | | | [৩.৪.২] জাতীয় সঞ্চয় স্কীমের লেনদেন কার্যক্রম ডিজিটালকরণ | তারিখ | তারিখ | ১ | | | ৩০.০৪.২০ | ১৬.০৫.২০ | ৩১.০৫.২০ | ১৬.০৬.২০ | ৩০.০৬.২০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [৪] রাজস্ব ব্যবস্থাপনা অটোমেশন | ৬ | [৪.১] এনএসডব্লিউ বাস্তবায়ন | [৪.১.১] এনএসডব্লিউ আইনের খসড়া চূড়ান্তকরণ | তারিখ | তারিখ | ২ | | | ৩০.০৩.২০ | ১৫.০৫.২০ | ৩০.০৫.২০ | ১৫.০৬.২০ | ৩০.০৬.২০ | | |
| | | [৪.২] অনলাইনে ভ্যাট রেজিস্ট্রেশন ও রিটার্ন দাখিল | [৪.২.১] সকল ভ্যাট কমিশনারেটে কার্যক্রম চালুকৃত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ১২ | ১০ | ৮ | ৬ | | | |
| | | [৪.৩] ই-পেমেন্ট | [৪.৩.১] আয়কর আহরণ | সমষ্টি | টাকা (কোটি) | ১ | | | ২২০ | ১৫০ | ১৪০ | ১২৫ | ১০০ | ২৩০ | ২৪০ |
| | | | [৪.৩.২] কাস্টমস ডিউটি আহরণ | সমষ্টি | টাকা (কোটি) | ১ | | | ১৪০ | ১২৬ | ১১২ | ৯৮০০ | ৮৪০০ | ১৪৫ | ১৫০ |
| [৫] জাতীয় সঞ্চয় স্কিমের মাধ্যমে সঞ্চয় আহরণ | ৪ | [৫.১] জাতীয় সঞ্চয় স্কিমের মাধ্যমে ঘাটতি বাজেটে অর্থায়ন | [৫.১.১] অর্থায়নের পরিমাণ | সমষ্টি | টাকা (কোটি টাকা) | ২ | ৪৬৫৩০ | ৪৫০০০ | ৩০০০০ | ২৯০০০ | ২৮০০০ | ২৭০০০ | ২৬০০০ | ৩৩০০০ | ৩৬০০০ |
| | | [৫.২] ক্ষুদ্র আয়ের জনগোষ্ঠীকে সঞ্চয়ে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে প্রচার কার্যক্রম পরিচালনা | [৫.২.১] দেশব্যাপী সঞ্চয়ে উদ্বুদ্ধকরণ অভিযান পরিচালনার অনুমতি প্রদান | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৬৪ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৬৪ | ৬৪ |
| | | | [৫.২.২] সঞ্চয় আহরণ কার্যক্রম শক্তিশালীকরণ প্রশিক্ষণ কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১২ | ১০ | ৮ | ৬ | ৫৫ | ১৩ | ১৪ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [৬] আইন প্রণয়ন ও বিধি-বিধান হালনাগাদকরণ | ৩ | [৬.১] নতুন কাস্টমস আইন প্রণয়ন | [৬.১.১] কাস্টমস আইনের খসড়া চূড়ান্তকৃত | তারিখ | তারিখ | ১ | | | ৩০.০৩.২০ | ১৫.০৫.২০ | ৩০.০৫.২০ | ১৫.০৬.২০ | ৩০.০৬.২০ | | |
| | | [৬.২] নতুন আয়কর আইন প্রণয়ন | [৬.২.১] আয়কর আইনের খসড়া চূড়ান্তকৃত | তারিখ | তারিখ | ১ | | | ৩০.০৩.২০ | ১৫.০৫.২০ | ৩০.০৫.২০ | ১৫.০৬.২০ | ৩০.০৬.২০ | | |
| | | [৬.৩] জাতীয় সঞ্চয় অধিদপ্তর নিয়োগ বিধিমালা প্রণয়ন | [৬.৩.১] জাতীয় সঞ্চয় অধিদপ্তর নিয়োগ বিধিমালা প্রণয়নকৃত | তারিখ | তারিখ | ১ | | | ৩০.০৩.২০ | ১৫.০৫.২০ | ৩০.০৫.২০ | ১৫.০৬.২০ | ৩০.০৬.২০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [১] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ১১ | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] সকল শাখায় ই-নথি ব্যবহার | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | | [১.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | গড় | % | ১ | | | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | | |
| | | | [১.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | গড় | % | ১ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [১.২] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃকডিজিটাল সেবা চালু করা | [১.২.১] ন্যূনতম একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.০২.২০ | ১৫.০৩.২০ | ৩১.০৩.২০ | ৩০.০৪.২০ | ৩০.০৫.২০ | | |
| | | [১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [১.৩.১] ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১১.০৩.২০ | ১৮.০৩.২০ | ২৫.০৩.২০ | ০১.০৪.২০ | ০৮.০৪.২০ | | |
| | | [১.৪] প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৪.১] বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১০.০১.২০ | ১৭.০১.২০ | ২৪.০১.২০ | ২৮.০১.২০ | ৩১.০১.২০ | | |
| | | | [১.৪.২] প্রণীত তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | [১.৫] সেবা সহজিকরণ | [১.৫.১] ন্যূনতম একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারিকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৫.১০.১৯ | ২০.১০.১৯ | ২৪.১০.১৯ | ২৮.১০.১৯ | ৩০.১০.১৯ | | |
| | | | [১.৫.২] সেবা সহজিকরণ অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৫.০৪.২০ | ৩০.০৪.২০ | ১৫.০৫.২০ | ৩০.০৫.২০ | ১৫.০৬.২০ | | |
| | | [১.৬] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [১.৬.১] পি আর এল আদেশ জারিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [১.৬.২] ছুটি নগদায়ন পত্র জারিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [১.৭] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [১.৭.১] নিয়োগ প্রদানের জন্য বিজ্ঞপ্তি জারিকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [১.৭.২] নিয়োগ প্রদানকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | [১.৮] বিভাগীয় মামলা নিষ্পত্তি | [১.৮.১] বিভাগীয় মামলা নিষ্পত্তিকৃত | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | | | |
| | | [১.৯] তথ্যবাতায়ন হালনাগাদকরণ | [১.৯.১] মন্ত্রণালয়/বিভাগের সকল তথ্যহালনাগাদকৃত | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [২] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৮ | [২.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [২.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৬০ | | | | | | |
| | | | [২.১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল প্রতিবেদন নির্ধারিত সময়ে অনলাইনে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | | | | | | |
| | | | [২.১.৩] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [২.১.৪] দপ্তর/সংস্থার ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | তারিখ | ০.৫ | | | ৩১.০১.২০ | ০৭.০২.২০ | ১০.০২.২০ | ১১.০২.২০ | ১৪.০২.২০ | | |
| | | [২.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [২.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | | | |
| | | | [২.২.২] ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.১০.১৯ | ১৫.১১.১৯ | ১৫.১২.১৯ | ১৫.০১.২০ | ৩১.০১.২০ | | |
| | | [২.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | | | |
| | | | [২.৩.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ১২ | ১১ | ১০ | ৯ | | | |
| | | [২.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [২.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | গড় | % | ১ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | | |
| | | | [২.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | | [২.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ৩১.১২.১৯ | ১৫.০১.২০ | ০৭.০২.২০ | ১৭.০২.২০ | ২৮.০২.২০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৬.০৮.১৯ | ২০.০৮.১৯ | ২৪.০৮.১৯ | ২৮.০৮.১৯ | ৩০.০৮.১৯ | | |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | সমষ্টি | % | ২ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.৩] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.৩.১] ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.৪] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৪.১] ত্রিপক্ষীয় সভায় নিস্পত্তির জন্য উপস্থাপিত অডিট আপত্তি | সমষ্টি | % | ০.৫ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | | [৩.৪.২] অডিট আপত্তি নিস্পত্তিকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [৩.৫] টেলিফোন বিল পরিশোধ | [৩.৫.১] টেলিফোন বিল পরিশোধিত | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.৬] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধ | [৩.৬.১] ইন্টারনেট বিল পরিশোধিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় মাননীয় মন্ত্রী, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

১৬.০৭.২০১৯

সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

তারিখ

১৬.০৭.২০১৯

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | মূসক | মূল্য সংযোজন কর |
| ২ | এনএসডব্লিউ | ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো |
| ৩ | এইও | অথরাইজড ইকোনমিক অপারেটর |
| ৪ | আইআরডি | ইন্টারনাল রিসোর্সেস ডিভিশন (অভ্যন্তরীণ সম্পদ বিভাগ) |
| ৫ | এ্যাসাইকুডা | অটোমেটেড সিস্টেম ফর কাস্টমস ডেটা |
| ৬ | এনবিআর | ন্যাশনাল বোর্ড অব রেভিনিউ (জাতীয় রাজস্ব বোর্ড) |
| ৭ | টিআইএন | ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (করদাতা সনাক্তকরণ নম্বর) |
| ৮ | সিইভিটি | কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট অ্যাপিলেট ট্রাইব্যুনাল |
| ৯ | এনএসডি | ন্যাশনাল সেভিংস ডিপার্টমেন্ট (জাতীয় সঞ্চয় অধিদপ্তর) |
| ১০ | টিএটি | ট্যাকসেস অ্যাপিলেট ট্রাইব্যুনাল (কর আপীলাত ট্রাইব্যুনাল) |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা অর্জন | [১.১.১] আহরিত রাজস্ব (কর) | ২০১৯-২০ অর্থ বছরের বাজেটে রাজস্ব আহরণের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন ও তদনুযায়ী কার্যক্রম গ্রহণ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড | ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন অনুযায়ী আহরিত টাকার পরিমাণ; | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ডের বার্ষিক প্রতিবেদন |
| | [১.১.২] আহরিত অন্যান্য কর (নন-জুডিশিয়াল স্ট্যাম্প বিক্রয়) | The Stamp Act, 1899 অনুযায়ী রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় নন-জুডিশিয়াল স্ট্যাম্প বিক্রয় | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | জেলা ট্রেজারি হতে প্রাপ্ত স্ট্যাম্প বিক্রয়লব্ধ টাকার পরিমাণ; | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর বার্ষিক প্রতিবেদন |
| [১.২] প্রদর্শিত রাজস্ব আদায়ের সাথে ট্রেজারী হিসাবের সমন্বয় সাধন | [১.২.১] অর্ধ-বার্ষিক সমন্বয় সাধন | বাংলাদেশ ব্যাংকে জমাকৃত রাজস্বের সাথে হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ব্যক্তি কর্তৃক প্রদত্ত ট্রেজারী চালানের সাথে হিসাবের সমন্বয় সাধন করা | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড | জাতীয় রাজস্ব বোর্ড ও হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের মধ্যে হিসাবের সমন্বয় সাধনের তারিখ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ডের বার্ষিক প্রতিবেদন |
| | [১.২.২] বার্ষিক সমন্বয় সাধন | জমাকৃত রাজস্ব সংশ্লিষ্ট অফিসসমূহ ও ট্রেজারী হিসাবের সমন্বয় সাধন | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড | জাতীয় রাজস্ব বোর্ড ও হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের মধ্যে হিসাবের সমন্বয় সাধনের তারিখ | জাতীয় রাজস্ব বোর্ডের বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] মাঠ অফিসসমূহ পরিদর্শন | [১.৩.১] আয়কর অফিস পরিদর্শন প্রতিবেদন দাখিলকৃত | আয়কর পরিধি বৃদ্ধিসহ পর্যাপ্ত আয়কর আহরণের বিষয়ে লক্ষ্যমাত্রা অর্জনে আইন/বিধি/ বিধান অনুসরণে গৃহীত কার্যক্রমসহ শুদ্ধাচার, সেবা সহজিকরণ, অভিযোগ প্রতিকার, তথ্য প্রদান ইত্যাদি কার্যক্রম বিষয়ে পরিদর্শন। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব, যুগ্মসচিব, উপসচিববৃন্দ কর্তৃক আয়করের মাঠ অফিস পরিদর্শন | দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদন |
| | [১.৩.২] শুল্ক অফিস পরিদর্শন প্রতিবেদন দাখিলকৃত | শুল্কের ক্ষেতে প্রয়োনীয় সংস্কার আনয়নসহ পর্যাপ্ত শুল্ক আহরণের বিষয়ে লক্ষ্যমাত্রা অর্জনে আইন/বিধি/ বিধান অনুসরণে গৃহীত কার্যক্রমসহ শুদ্ধাচার, সেবা সহজিকরণ, অভিযোগ প্রতিকার, তথ্য প্রদান ইত্যাদি কার্যক্রম বিষয়ে পরিদর্শন। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব, যুগ্মসচিব, উপসচিববৃন্দ কর্তৃক শুল্কের মাঠ অফিস পরিদর্শন; | দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদন |
| | [১.৩.৩] ভ্যাট অফিস পরিদর্শন প্রতিবেদন দাখিলকৃত | ভ্যাট আইন কার্যকরকরণসহ ভ্যাট আহরণের বিষয়ে লক্ষ্যমাত্রা অর্জনে আইন/বিধি/ বিধান অনুসরণে গৃহীত কার্যক্রমসহ শুদ্ধাচার, সেবা সহজিকরণ, অভিযোগ প্রতিকার, তথ্য প্রদান ইত্যাদি কার্যক্রম বিষয়ে পরিদর্শন। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব, যুগ্মসচিব, উপসচিববৃন্দ কর্তৃক ভ্যাটের মাঠ অফিস পরিদর্শন; | দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদন |
| | [১.৩.৪] সঞ্চয় অফিস পরিদর্শন প্রতিবেদন দাখিলকৃত | সঞ্চয় আহরণের লক্ষ্যমাত্রা অর্জন এবঙ সঞ্চয় ব্যবস্থাপনা ডিজিটালকরণসহ শুদ্ধাচার, সেবা সহজিকরণ, অভিযোগ প্রতিকার, তথ্য প্রদান ইত্যাদি কার্যক্রম বিষয়ে পরিদর্শন। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব, যুগ্মসচিব, উপসচিববৃন্দ কর্তৃক সঞ্চয়ের মাঠ অফিস পরিদর্শন; | দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদন |
| [১.৪] মাঠ অফিস পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | [১.৪.১] মাঠ অফিস পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়িত | রাজস্ব আহরণ কার্যক্রম শক্তিশালীকরণ সংক্রান্ত কার্যকর সুপারিশ বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড | বাস্তবায়িত সুপারিশের সংখ্যা | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৫] দপ্তর/সংস্থার পরিদর্শন প্রতিবেদন মূল্যায়নান্তে ফলাবর্তক প্রদান | [১.৫.১] আয়কর অফিস পরিদর্শন প্রতিবেদন মূল্যায়নান্তে ফলাবর্তক প্রদানকৃত | মাঠ অফিসসমূহ হতে প্রাপ্ত পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনান্তে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | জাতীয় রাজস্ব বোর্ড এর নিয়ন্ত্রণাধীন কর্মকর্তাদের মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন | পরিদর্শন প্রতিবেদন |
| | [১.৫.২] শুল্ক অফিস পরিদর্শন প্রতিবেদন মূল্যায়নান্তে ফলাবর্তক প্রদানকৃত | মাঠ অফিসসমূহ হতে প্রাপ্ত পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনান্তে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | জাতীয় রাজস্ব বোর্ড এর নিয়ন্ত্রণাধীন কর্মকর্তাদের মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন | পরিদর্শন প্রতিবেদন |
| | [১.৫.৩] ভ্যাট অফিস পরিদর্শন প্রতিবেদন মূল্যায়নান্তে ফলাবর্তক প্রদানকৃত | মাঠ অফিসসমূহ হতে প্রাপ্ত পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনান্তে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | জাতীয় রাজস্ব বোর্ড এর নিয়ন্ত্রণাধীন কর্মকর্তাদের মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন | পরিদর্শন প্রতিবেদন। |
| | [১.৫.৪] সঞ্চয় অফিস পরিদর্শন প্রতিবেদন মূল্যায়নান্তে ফলাবর্তক প্রদানকৃত | মাঠ অফিসসমূহ হতে প্রাপ্ত পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনান্তে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কর্মকর্তাদের মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন | পরিদর্শন প্রতিবেদন |
| [১.৬] করদাতার সংখ্যা বৃদ্ধিকরণ | [১.৬.১] রিটার্ন দাখিলের হার | রিটার্ন দাখিলের জন্য নোটিশ জারি, জরিমানাসহ অন্যান্য আইনানুগ কার্যক্রম গ্রহণ জোরদারকরণ | জাতীয় রাজস্ব বোর্ড | রিটার্ন দাখিলকারী করদাতার সংখ্যা | জাতীয় রাজস্ব বোর্ডের বার্ষিক প্রতিবেদন |
| [১.৭] বিরোধ নিষ্পত্তির মাধ্যমে রাজস্ব আহরণ | [১.৭.১] বিকল্প বিরোধ নিষ্পত্তি | করদাতাদের উদ্ভুত বিরোধসমূহ দ্রুত নিষ্পত্তিতে আপীলের পরিবর্তে বিকল্প বিরোধ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণে করদাতাবৃন্দকে উদ্বুদ্ধকরণ | জাতীয় রাজস্ব বোর্ড | বিকল্প বিরোধ পদ্ধতিতে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | জাতীয় রাজস্ব বোর্ডের বার্ষিক প্রতিবেদন |
| | [১.৭.২] আপীল মামলা নিষ্পত্তি | করদাতাদের উদ্ভুত বিরোধসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে আইনানুযায়ী পর্যাপ্ত বেঞ্চ গঠন ও প্রয়োজনীয় জনবল নিয়োগ ও নিয়মিত মনিটরিং | ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল এবং কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল | নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল এবং কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল এর বার্ষিক প্রতিবেদন |
| [১.৮] করদাতাদের প্রণোদনা | [১.৮.১] এইও সচল রাখা | অভ্যন্তরীণ সম্পদ উন্নয়নে অবদান রাখার ক্ষেত্রে বিশেষ প্রতিষ্ঠানকে শুল্ক বিভাগের পরীক্ষা নিরীক্ষা ব্যতিরেকে আমদানী/রপ্তানীর সুযোগ প্রদান | জাতীয় রাজস্ব বোর্ড | এইও সুবিধা প্রাপ্ত প্রতিষ্ঠানের সংখ্যা | রাজস্ব বোর্ডের বার্ষিক প্রতিবেদন |
| [২.১] অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সাংগঠনিক কাঠামো সম্প্রসারণ | [২.১.১] পদ সৃজন | বিসিএস (কর) এবং বিসিএস (শুল্ক ও আবগারী এর মত গুরুত্বপূর্ণ ২টি ক্যাডারের প্রশাসনিক কার্যাবলী, এসিআর ব্যবস্থাপনা, শৃংখলা, সেবা প্রদান সহজীকরণ, প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে সম্পন্নকরণের লক্ষ্যে সাংগঠনিক কাঠামোতে পর্যাপ্ত জনবল সৃজন | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | সৃজিত পদের সংখ্যা | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ওয়েবসাইট ও বার্ষিক প্রতিবেদন |
| [২.২] জাতীয় রাজস্ব বোর্ডের সাংগঠনিক কাঠামো সম্প্রসারণ | [২.২.১] পদ সৃজন | পর্যাপ্ত রাজস্ব আহরণসহ সেবা প্রদান সহজীকরণ, প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে পরিচালনার লক্ষ্যে উপজেলা পর্যায়ের রাজস্ব অফিস সৃষ্টির লক্ষ্যে সাংগঠনিক কাঠামোতে পর্যাপ্ত জনবল সৃজন | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড | সৃজিত দপ্তর ও পদের সংখ্যা | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ডের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.৩] ভৌত সুবিধা বৃদ্ধিকরণ | [২.৩.১] প্রাধিকার অনুযায়ী স্থান ও অন্যান্য সুবিধা প্রদানকৃত | সেবা প্রদানের জন্য উপযুক্ত কর্মপরিবেশ সৃষ্টির লক্ষ্যে বিধিমোতাবেক প্রয়োজনীয় সুবিধা প্রদান | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড | প্রদত্ত সুবিধার সংখ্যা ও পরিমাণ | সরকারি আদেশ |
| [২.৪] আধুনিক সম্মেলন কক্ষ/কম্পিউটার ল্যাব স্থাপন | [২.৪.১] ল্যাব স্থাপিত | আধুনিক তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সভা/সম্মেলন পরিচালনা ব্যবস্থা আধুনিকায়ন এবং তথ্য প্রযুক্তি ব্যবহারের বিষয়ে প্রশিক্ষণ প্রদান | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | আধুনিক সম্মেলন কক্ষ/কম্পিউটার ল্যাব স্থাপন | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ওয়েবসাইট |
| [২.৫] দেশে/বিদেশে দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ | [২.৫.১] অংশগ্রহণকৃত প্রশিক্ষণার্থী | যে সকল কর্মকর্তা/কর্মচারী প্রতিশ্রুত সেবা প্রদান কার্যক্রমে দক্ষতা, সৃজনশীলতা, স্বচ্ছতা প্রদর্শনসহ উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়ন করেছেন প্রণোদনা স্বরুপ তাদের দেশে/বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ওয়েবসাইট ও বার্ষিক প্রতিবেদন |
| [৩.১] বঙ্গবন্ধু সঞ্চয় অ্যাপস চালুকরণ | [৩.১.১] প্লে স্টোর/অ্যাপল স্টোরে স্থাপিত | প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রতিশ্রুত সেবা, সেবা সহজীকরণ, প্রণোদনা ইত্যাদি বিষয়ে বিজ্ঞাপন ও অনুষ্ঠান প্রচারের মাধ্যমে করদাতাগণকে কর প্রদানে উদ্বুদ্ধকরণ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড | প্রচারিত বিজ্ঞাপনের সংখ্যা | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ডের বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] সেবা গ্রহীতাদের সাথে প্রচলিত আইনে তাদের অধিকার ও দায়িত্ব সম্পর্কে সম্যক ধারণা দেওয়ার নিমিত্ত নিয়মিত মিথস্ক্রিয়া/ যোগাযোগ স্থাপন | [৩.২.১] অনুষ্ঠিত সভা/ যোগাযোগ | করদাতাগণকে প্রচলিত আইনে তাদের অধিকার ও বাধ্যবধকতা সম্পর্কে সম্যক ধারণা দেওয়ার নিমিত্ত যোগাযোগ স্থাপন ও সভা সমাবেশ অনুষ্ঠান | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড | প্রচারিত বিজ্ঞাপন/অনুষ্ঠানের সংখ্যা | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ডের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৩] সেবা কেন্দ্রের মাধ্যমে করদাতা সেবা বৃদ্ধিকরণ | [৩.৩.১] সেবা গ্রহণকারীর সংখ্যা | প্রতিশ্রুত সেবা প্রদান কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় উপকরণ সম্বলিত সেবা কেন্দ্রের মাধ্যমে করদাতা সেবা বৃদ্ধিকরণ ও কর প্রদানে উৎসাহ প্রদান | জাতীয় রাজস্ব বোর্ড | সেবা গ্রহণকারী করদাতার সংখ্যা | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ডের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৪] জাতীয় সঞ্চয় অধিদপ্তরের আধুনিকায়ন ও সম্প্রসারণ | [৩.৪.১] জাতীয় সঞ্চয় অধিদপ্তর সম্প্রসারণের জন্য জনপ্রশাসন ও অর্থ বিভাগের সম্মতি গ্রহণ | উপজেলা সঞ্চয় অফিসের জন্য পদ সৃজনের কার্যক্রম গ্রহণ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় সঞ্চয় অধিদপ্তর | উপজেলা সঞ্চয় অফিসের জন্য প্রস্তাবিত পদ সৃজনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি | উপজেলা সঞ্চয় অফিসের জন্য প্রস্তাবিত পদ সৃজনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতিপত্র |
| | [৩.৪.২] জাতীয় সঞ্চয় স্কীমের লেনদেন কার্যক্রম ডিজিটালকরণ | জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম স্কেলআপ করা | জাতীয় সঞ্চয় অধিদপ্তর | জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম স্কেলআপের সংখ্যা | জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম স্কেলআপের সংখ্যা করা |
| [৪.১] এনএসডব্লিউ বাস্তবায়ন | [৪.১.১] এনএসডব্লিউ আইনের খসড়া চূড়ান্তকরণ | আমদানি-রপ্তানি ও ট্রানজিটের ক্ষেত্রে Onestop Service প্রদান; সীমান্ত বাণিজ্য সংশ্লিষ্ট দপ্তরগুলোর আধুনিকায়ন; একটি কমন প্লাটফর্মে আমদানি-রপ্তানি কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সরকারি ও আধাসরকারি প্রতিনিধিদের কার্যক্রম সম্পাদন। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড | চূড়ান্তকৃত আইন | ন্যাশনাল সিংগেল উইন্ডো প্রকল্পের বাস্তবায়ন প্রতিবেদন। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.২] অনলাইনে ভ্যাট রেজিস্ট্রেশন ও রিটার্ন দাখিল | [৪.২.১] সকল ভ্যাট কমিশনারেটে কার্যক্রম চালুকৃত | নিবন্ধিত সকল করদাতাগণ এবং নতুন নিবন্ধনযোগ্য মূসক প্রদানকারীগণের অনলাইনে নিবন্ধন গ্রহণ; মূল্য সংযোজন কর (মূসক), সম্পূরক শুল্ক এবং টার্নওভার কর আদায় সংক্রান্ত যাবতীয় কার্যাবলী সম্পূর্ণ অনলাইনে সম্পন্নকরণ; মূসক অফিসে না গিয়ে অনলাইনে মূসক সংক্রান্ত রিটার্ন দাখিলকরণ। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড | অনলাইনে ভ্যাট রেজিস্ট্রেশন এবং দাখিলকৃত রিটার্ণের সংখ্যা; | ভ্যাট অনলাইন প্রকল্পের বাস্তবায়ন প্রতিবেদন |
| [৪.৩] ই-পেমেন্ট | [৪.৩.১] আয়কর আহরণ | করদাতা সহজেই ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ডের মাধ্যমে এ পদ্ধতির আওতায় কর পরিশোধ করতে পারেন। | জাতীয় রাজস্ব বোর্ড | আয়কর আহরণের পরিমাণ | জাতীয় রাজস্ব বোর্ডের বার্ষিক প্রতিবেদন; |
| | [৪.৩.২] কাস্টমস ডিউটি আহরণ | করদাতা সহজেই ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ডের মাধ্যমে এ পদ্ধতির আওতায় কাস্টমস ডিউটি পরিশোধ করতে পারেন। | জাতীয় রাজস্ব বোর্ড | বোর্ডের বার্ষিক প্রতিবেদন; | জাতীয় রাজস্ব বোর্ডের বার্ষিক প্রতিবেদন; |
| [৫.১] জাতীয় সঞ্চয় স্কিমের মাধ্যমে ঘাটতি বাজেটে অর্থায়ন | [৫.১.১] অর্থায়নের পরিমাণ | জনগণকে সঞ্চয়ে উদ্বুদ্ধকণের মাধ্যমে ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় আহরণ করে ঘাটতি বাজেটে অর্থায়ন বৃদ্ধি করা | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় সঞ্চয় অধিদপ্তর | ঘাটতি বাজেটে অর্থায়নের পরিমাণ | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [৫.২] ক্ষুদ্র আয়ের জনগোষ্ঠীকে সঞ্চয়ে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে প্রচার কার্যক্রম পরিচালনা | [৫.২.১] দেশব্যাপী সঞ্চয়ে উদ্বুদ্ধকরণ অভিযান পরিচালনার অনুমতি প্রদান | প্রচার/প্রচারণার মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীকে ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়ে উৎসাহীতকরণ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় সঞ্চয় অধিদপ্তর | সঞ্চয় অভিযান/সপ্তাহ পালনের অনুমতি সংক্রান্ত পত্র | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ওয়েবসাইট ও বার্ষিক প্রতিবেদন |
| | [৫.২.২] সঞ্চয় আহরণ কার্যক্রম শক্তিশালীকরণ প্রশিক্ষণ কর্মশালা | বাংলাদেশ ব্যাংক, তপসিলি ব্যাংক ও ডাক অধিদপ্তরে কর্মরত কর্মকর্তাদের নিয়ে প্রশিক্ষণ কর্মশালা আয়োজন | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | আয়োজিত প্রশিক্ষণ কর্মশালার সংখ্যা | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ওয়েবসাইট ও বার্ষিক প্রতিবেদন |
| [৬.১] নতুন কাস্টমস আইন প্রণয়ন | [৬.১.১] কাস্টমস আইনের খসড়া চূড়ান্তকৃত | কাস্টমস আইন যুগোপযোগী ও হালনাগাদকরণের নিমিত্ত উদ্যোগ গ্রহণ ও সম্পন্নকরণ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড | মন্ত্রিসভা বৈঠকে আইনের খসড়া চূড়ান্ত অনুমোদন | মন্ত্রিসভা বৈঠকের কার্যবিবরণী |
| [৬.২] নতুন আয়কর আইন প্রণয়ন | [৬.২.১] আয়কর আইনের খসড়া চূড়ান্তকৃত | আয়কর আইন প্রণয়নের উদ্যোগ গ্রহণ ও সম্পন্নকরণ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড | মন্ত্রিসভা বৈঠকে আইনের খসড়া চূড়ান্ত অনুমোদন | মন্ত্রিসভা বৈঠকের কার্যবিবরণী |
| [৬.৩] জাতীয় সঞ্চয় অধিদপ্তর নিয়োগ বিধিমালা প্রণয়ন | [৬.৩.১] জাতীয় সঞ্চয় অধিদপ্তর নিয়োগ বিধিমালা প্রণয়নকৃত | জাতীয় সঞ্চয় পরিদপ্তর কর্মচারী/কর্মকর্তা নিয়োগ বিধিমালা, ১৯৯৫ সংশোধন করে জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্মচারী/কর্মকর্তা নিয়োগ বিধিমালা, ২০১৮ প্রণয়ন করা | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় সঞ্চয় অধিদপ্তর | প্রণীত নিয়োগ বিধিমালা | বাংলাদেশ গেজেট |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | মন্ত্রিপরিষদ বিভাগ | পদ সৃজন | নতুন পদ সৃজনের জন্য প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদন | নতুন পদ সৃজনের বিষয়ে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদন গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে | সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে না। |
| মন্ত্রণালয় | জনপ্রশাসন মন্ত্রণালয় | পদ সৃজন | নুতন পদ সৃজনের সম্মতি | নতুন পদ সৃজনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। | সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে না। |
| মন্ত্রণালয় | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | প্রাধিকার অনুযায়ী স্থান ও অন্যান্য সুবিধা প্রদান | নতুন সৃজিত ও বিদ্যমান পদের জন্য প্রাধিকার অনুযায়ী স্থান ও অন্যান্য সুবিধা প্রদান | স্থান, অবকাঠামো, বিদ্যুৎ, ওয়াশরুমসহ অন্যান্য ভৌত সুবিধা বরাদ্দকরণের এখতিয়ার গণপূর্ত মন্ত্রণালয়ের | সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে না। উপযুক্ত কর্মপরিবেশ নিশ্চিত না হওয়ার কারণে দাপ্তরিক কার্যক্রমে বিঘ্ন ঘটবে। |
| মন্ত্রণালয় | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | জাতীয় সঞ্চয় অধিদপ্তর নিয়োগ বিধিমালা প্রণয়নকৃত | প্রস্তাবিত আইনের ভেটিং প্রদান | আইন প্রণয়নে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ-এর ভেটিং গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। | নতুন নিয়োগ সম্ভব হবে না। দাপ্তরিক কাজ কর্মে বিঘ্ন ঘটবে। |
| অন্যান্য | জাতীয় সংসদ সচিবালয় | কাস্টমস আইন প্রণয়নকৃত | মন্ত্রিপরিষদ বিভাগে চূড়ান্তকৃত আইনের খসড়া জাতীয় সংসদে উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ | আইন পাশ করার ক্ষমতা জাতীয় সংসদের | প্রস্তাবিত আইন প্রণয়ন সম্ভব হবে না। |
| মন্ত্রণালয় | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | পদ সৃজন | নুতন পদ সৃজনের সম্মতি | নতুন পদ সৃজনের বিষয়ে অর্থ বিভাগের সম্মতি গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। | সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে না। |